



ডেঙ্গুতে আরও ৪ মৃত্যু, ৮১৪ জন হাসপাতালে ভর্তি



সংগৃহীত ছবি

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও চারজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরের ডেঙ্গু মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়ালো ২৫৩। স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ৮১৪ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এদের মধ্যে ঢাকা মহানগরের হাসপাতালগুলোতে ২৭৭ জন, ঢাকা বিভাগের সিটি করপোরেশনের বাইরে ১২৪ জন, বরিশাল বিভাগে ১২৬ জন, চট্টগ্রাম বিভাগে ১১৪ জন, খুলনা বিভাগে ৪১ জন, ময়মনসিংহ বিভাগে ৪৬ জন, রাজশাহী বিভাগে ৪০ জন, রংপুর বিভাগে ৪১ জন এবং সিলেট বিভাগে ৫ জন ভর্তি হয়েছেন।

স্বাস্থ্য অধিদফতরের তথ্যানুযায়ী, চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ৬১,৬০৫ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

LENS ASIA